

“ছেলে হোক, মেয়ে হোক,  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-পপঅ/প্রশা-৪/কঃসাঃ/শোক দিবস/২০১৯/ ২২১১/৫

তারিখ : ০১/০৮/২০১৯

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে ‘জাতীয় শোক দিবস ২০১৯’ পালন উপলক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচীতে অংশগ্রহণ।

- সূত্র : ১. পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর ২৮.০৭.২০১৯ তারিখের ২১৭৮ সংখ্যক স্মারকে প্রেরিত কার্যবিবরণী।  
২. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রেরিত পত্র নং- ৫৯.০০.০০০০.১০৫.৯৯.০০৭.১৯.২৩২, তাং-২৯.০৭.২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে ‘জাতীয় শোক দিবস ২০১৯’ পালন উপলক্ষে ২২.০৭.২০১৯ মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিস্তারিত কর্মসূচী আয়োজন, বাস্তবায়ন ও অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয় (সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশিত)। গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:-

- আগামী ১৫ আগস্ট ২০১৯ সূর্যোদয়ের সাথে সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর আওতাধীন সকল প্রতিষ্ঠান এবং বিভাগ, জেলা ও উপজেলা কার্যালয় সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত (বিধি মোতাবেক) রাখা।
- জাতির পিতা বঙ্গবন্ধুর ছবি সম্বলিত ব্যানারের নমুনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিট থেকে সংগ্রহ করে ব্যানার তৈরি ও প্রদর্শন করা।
- স্থানীয় প্রশাসন কর্তৃক মাঠ পর্যায়ে আয়োজিতব্য ‘জাতীয় শোক দিবস ২০১৯’ পালন সম্পর্কিত সকল কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে পরিবার পরিকল্পনা অধিদপ্তর/রাষ্ট্রীয় সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের কর্মসূচী আয়োজন/অংশগ্রহণ।
- মা ও শিশু কল্যাণ কেন্দ্রসহ অন্যান্য সকল সেবা কেন্দ্রসমূহে দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা সেবা কার্যক্রম চালু রাখতে হবে এবং কোন প্রকার ফি নেয়া যাবে না।

পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর আওতাধীন দপ্তরসমূহে কর্মরত সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা ও যথাযথ ভাবগাম্ভীর্য বজায় রেখে কর্মসূচী আয়োজন, বাস্তবায়ন ও অংশগ্রহণ নিশ্চিত করাসহ অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ হেমায়েৎ হুসেন)  
যুগ্ম সচিব  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
ও  
পরিচালক (প্রশাসন)  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

স্মারক নং-পপঅ/প্রশা-৪/কঃসাঃ/শোক দিবস/(পার্ট-১/২০১৯/ ২২১১/ক(১১০৩))

তারিখ : ০১/০৮/২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল) .....ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ২। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল).....বিভাগ।
- ৩। পরিচালক, মোহাম্মদপুর ফার্মিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (এমএফএসটিসি), মোহাম্মদপুর, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এমসিএইচটিআই), আজিমপুর, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যগার, মহাখালী, ঢাকা।
- ৬। উপ পরিচালক (সকল), পরিবার পরিকল্পনা, .....জেলা।
- ৭। অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা।
- ৮। মেডিকেল অফিসার (ক্লিনিক) .....জেলা।
- ৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল).....  
.....উপজেলা,.....জেলা।
১০. বৈশাখী চৌধুরী, সহকারী মেনটেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ১২। অফিস কপি।

উপর্যুক্ত কর্মসূচীসমূহে  
নিজ তত্ত্বাবধানে  
অধীনস্থ  
সকল কর্মকর্তা-  
কর্মচারীর উপস্থিতি  
নিশ্চিত করার জন্য  
অনুরোধ করা হলো।